## প্রকল্পে স্থানীয় পরামর্শক নিয়োগ এর Terms of Reference (ToR)

"মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং" প্রকল্পটি অন্যান্য সাপোর্টিং স্টাফসহ স্থানীয় বিশেষজ্ঞগণের (Individual Local Consultant) মাধ্যমে বাস্তবায়ন করা হবে। একই ধরণের প্রকল্পের আওতায় কর্মরত বিশেষজ্ঞ ও সাপোর্টিং ষ্টাফদের প্রস্তাবিত প্রকল্পে অগ্রাধিকার প্রদান করা হবে।

প্রকল্পটি বাস্তবায়নের জন্য পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুসরণপূর্বক নিম্মোক্ত স্থানীয় পরামর্শক নিয়োগ করা হবেঃ-

ছক-ঃ পরামর্শকের পদবী, সংখ্যা, যোগ্যতা, সম্মানী ভাতা এবং দায়িত্ব ও কর্তব্য

| পরামর্শকের পদবী | সংখ্যা | যোগ্যতা | সম্মানী ভাতা প্রতি মাসে (লক্ষ টাকায়) | দায়িত্ব ও কর্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| অফিস এন্ড ফাইন্যান্স ম্যানেজার | ১ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় অ্যাকাউন্টিং/ম্যানেজমেন্ট থেকে বিষয়ে স্নাতকোত্তর/এমবিএ ডিগ্রি থাকতে হবে। প্রকল্পের আর্থিক বিষয়াদি বাস্তবায়ন ক্ষেত্রে কমপক্ষে ১০ (দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অফিস এন্ড ফিন্যান্স ম্যানেজার হিসেবে ৪ (চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>নগর ও অঞ্চল পরিকল্পনা এবং অনুরূপ প্রকৃতিক প্রকল্পে অভিজ্ঞতাকে অগ্রাধিকার প্রদান করা হবে।<br><br>এমএসওয়ার্ড এক্সেল, পাওয়ারপয়েন্ট পরিচালনায় পারদর্শিতা বাধ্যতামূলক। | ১.৫০ | • তিনি/সে প্রকল্পের আর্থিক বিষয়াদি এবং অন্যান্য সরবরাহ বিভিন্ন দ্রব্যাদি ক্রয়ে আর্থিক শৃঙ্খলা অনুযায়ী ব্যবস্থার দায়িত্ব পালন করবেন;<br>• তিনি/সে এনপিডি/ডিপিডি/টিম লিডারের তত্ত্বাবধানে কাজ করবেন;<br>• তিনি/সে প্রকল্পের সকল নথিপত্র/ডকুমেন্টসমূহ প্রণয়ন ও সংরক্ষণে সংশ্লিষ্ট থাকবেন;<br>• প্রকল্পে কর্মরত সকল কর্মচারীদের সুপারভাইজ করবেন। |
| জিআইএস এবং রিমোট সেন্সিং এনালিষ্ট | ১ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে জিআইএস/ভূগোল/পুর কৌশলে স্নাতক/ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। জিআইএস ও রিমোট সেন্সিং ভূমিব্যবহার ও জোনিং মানচিত্র প্রণয়ন, ArcGIS এবং অন্যান্য প্রাসঙ্গিক সফটওয়্যার পরিচালনার ক্ষেত্রে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>জিআইএস এবং রিমোট সেন্সিং এনালিষ্ট হিসেবে কমপক্ষে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>নগর ও আঞ্চলিক পরিকল্পনা এবং সমজাতীয় প্রকল্পের কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার প্রদান করা হবে। | ০.৭০ | • জিআইএস ও রিমোট সেন্সিং উপাত্তসমূহ সংগ্রহ, বিশ্লেষণ ও ব্যাখ্যা করে ভূমি ব্যবহার শ্রেণী (Land Use Classes) তে বিভক্ত করে জোনিং ম্যাপ প্রণয়ন করা;<br>• SPARRSO, CEGIS এবং সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান সমূহের সঙ্গে লিয়াঁজো বজায় রেখে উপাত্ত সংগ্রহ ও ব্যাখ্যা করা;<br>• প্রাসঙ্গিক অধ্যায়ের প্রতিবেদন প্রণয়ন করা;<br>• এনপিডি/ডিপিডি/টিম লিডারের চাহিদা মোতাবেক যে কোন বিবিধ কর্ম সম্পাদন করা। |

২৮/০৪/২৫
মোঃ সুমন মিয়া
পরিবেশ স্পেশালিস্ট
মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প
ভূমি মন্ত্রণালয়

২৮/৪/২০২৫

| পরামর্শকের পদবী | সংখ্যা | যোগ্যতা | সম্মানী ভাতা প্রতি মাসে (লক্ষ টাকায়) | দায়িত্ব ও কর্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ডাটা প্রসেসর (উপাত্ত প্রক্রিয়াকারী) | ৩ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কলেজ থেকে যে কোন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। কম্পিউটার পরিচালনায় কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অনুরূপ সরকারি/আধাসরকারি প্রকল্প কাজের অভিজ্ঞতাকে প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।<br>এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ারপয়েন্ট পরিচালনায় পারদর্শিতা বাধ্যতামূলক। | ০.৭০ | • প্রতিবেদন টাইপিং, কম্পোজিং, বিন্যাস ও ডিজাইন ইত্যাদি প্রণয়ন করা;<br>• সংশ্লিষ্ট সফটওয়্যার এর মাধ্যমে কম্পিউটারে উপাত্ত প্রবিষ্ট করা ও সঞ্চিতকরা। জেলা/উপজেলা পর্যায়ে কর্মশালা পরিচালনায় অংশগ্রহণ করা;<br>• এনপিডি/ডিপিডি/টিম লিডারের চাহিদা মোতাবেক অন্যান্য কার্যক্রম পরিচালনা করা। |
| গবেষণা সহযোগী (Research Associate) | ৩ জন | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষি বিজ্ঞান /মৎস্য/ প্রাণিবিদ্যা/ বন বিদ্যা/ উদ্ভিদবিদ্যা/সমাজ বিজ্ঞানে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। তথ্য সংগ্রহ, সংকলন ও প্রতিবেদন প্রণয়নে সহায়তা প্রদানে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>এমএসওয়ার্ড এক্সেল, পাওয়ারপয়েন্ট পরিচালনায় পারদর্শিতা বাধ্যতামূলক। | ০.৭০ | • মাঠ পর্যায় হতে উপাত্ত সংগ্রহ, উপাত্ত যাচাই ও সংকলন করা ও উপাত্ত সংগ্রহ ও সংকলনে Field organizer দের সঙ্গে থেকে কাজকরা;<br>• সংশ্লিষ্ট সফটওয়্যার এর মাধ্যমে কম্পিউটারে উপাত্ত প্রবিষ্ট করা ও সঞ্চিত করা;<br>• সংশ্লিষ্ট সরকারী দপ্তর হতে প্রয়োজণীয় তথ্য সংগ্রহ করা এবং জেলা/উপজেলা পর্যায়ে কর্মশালা পরিচালনায় অংশগ্রহণ করা;<br>• এনপিডি/ডিপিডি/টিম লিডার এর চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট বিবিধ/অন্যান্য কার্যক্রম কর্মকান্ড পরিচালনা করা। |

বিঃ দ্রঃ পরামর্শকের সম্মানী হতে বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।

২৮/৫/২৫

(মোহাম্মদ মাহফুজুর রহমান)
অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন)
ভূমি মন্ত্রণালয়
ও
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

২৮/০৫/২০২৫

মোঃ সুমন মিয়া
পরিবেশ স্পেশালিস্ট
মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প
ভূমি মন্ত্রণালয়

২৮/০৫/২০২৫